

## আবিতে অবৈধ উপায়ে ভর্তির চেষ্টা চারজনের বিরুদ্ধে মামলা

বিদ্যবিদ্যালয় রিপোর্টার

নয় লাখ টাকার বিনিময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটে (আইবিএ) ভর্তির চেষ্টাকালে জালিয়াত চক্রের ৪ জনের বিরুদ্ধে মামলা করেছে বিদ্যবিদ্যালয় প্রশাসন। মসলবার দুপুরে শাহবাগ থানায় এই মামলা দায়ের করা হয়। থানায় পুলিশ পরিদর্শক (তদন্ত) এনএ জলিল এ তথ্য নিশ্চিত করেন। মামলা নম্বর ৩৩১। মামলায় বিদ্যবিদ্যালয়ের আঞ্চলিক বিভাগের বিত্তীয় অফিসার আকিদুল কবির সোমা ও কামরুল ইসলাম, বিদ্যবিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী ও ছাত্রদল নেতা ইশতিয়াক আহমেদ নাসির এবং অ্যাকাউন্টিং বিভাগের মাস্টার্সের ছাত্র সাকিবকে আসামী করা হয়েছে। তদন্ত কর্মকর্তা জলিল বলেন, এদের বিরুদ্ধে অবৈধভাবে ভর্তি ও প্রত্যাহার অভিযোগে মামলা করা হয়েছে। ঘটনায় জড়িত থাকায় সোমবার আকিদুলকে বিদ্যবিদ্যালয় কর্তৃপক্ষ শাহবাগ থানায় সোপর্দা করেছে। তাকে রিমান্ডে নেয়ার প্রক্রিয়া চলছে। অপরদিকে প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ ওঠেছে, অপরাধী অভিভাবক আওয়ামী লীগের নেতা হওয়ায় তাকে ছেড়ে দেয়া



হয়েছে। জানা গেছে, মুন্সীগঞ্জ জেলা নগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল রহমানের ছেলে সাইফুল ইসলাম সাকিবকে ৯ লাখ টাকার বিনিময়ে আইবিএ ভর্তি করতে বিদ্যবিদ্যালয়ের আঞ্চলিক সন্দর্ভ বিভাগের ২য় বর্ষের ছাত্রদল হুক হলের ছাত্র কামরুল ইসলামের সঙ্গে চুক্তি হয়। চুক্তি অনুযায়ী কামরুল ও তার সহপাঠী আকিদুল কবির সোমা একই হলের অ্যাকাউন্টিং বিভাগের মাস্টার্সের ছাত্র সাকিব ও ছাত্রদলের সাবেক নেতা নাসির আইবিএ পরিচালকের কাছে যান। বিষয়টি ছাত্রলীগের সিনিয়র কয়েক নেতার নজরে এলে তারা প্রটোকোল টিমকে ববর দেন। জরুরীকালীন অবস্থায় প্রটোকোল টিম আকিদুলকে ধরে শাহবাগ থানায় দেয়। বিদ্যবিদ্যালয় প্রক্টর ড. আমজাদ আলী বলেন, অসদুপায়ে ভর্তি করার একটি চক্রের একজনকে ধরে পুলিশে দেয়া হয়েছে। এ ঘটনায় শাহবাগ থানায় মামলা হয়েছে। আওয়ামী লীগ নেতা হওয়ায় অভিভাবককে ছেড়ে দেয়া হয়েছে কিনা জানতে চাইলে তিনি বলেন, অভিভাবক তে আমানদেব সহায়তা করেছেন।